



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৫.২০২১/১৬৫৬

তারিখ: ১৫/০৫/১৪২৮ বঙ্গাব্দ:
০৭/০৯/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলাধীন মর্তুজাপুর কলেজের ল্যাব সহকারী জনাব ওবায়দুল ইসলামকে এমপিওভুক্তির বিষয়ে মতামত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলাধীন মর্তুজাপুর কলেজের ল্যাব সহকারী (পদার্থবিজ্ঞান ২য় পদে ২০১৮ এর এমপিও নীতিমালা অনুযায়ী ওবায়দুল ইসলামকে গত ০৭/০১/২০২০ খ্রিঃ তারিখে নিয়োগ প্রদান করলে গত ১২/০১/২০২০ খ্রিঃ তারিখে ল্যাব সহকারী (পদার্থ বিজ্ঞান) ২য় পদে যোগদান করে কর্মরত আছেন। তার এমপিও ভুক্তির জন্য অনলাইন আবেদন করা হয় কিন্তু পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী মহোদয় আদালতে মামলা রয়েছে কারণ দেখিয়ে অনলাইন আবেদনটি বাতিল করে এবং মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা প্রয়োজন কথাটি উল্লেখ করে (এখানে উল্লেখ্য যে, অত্র প্রতিষ্ঠানে একই নিয়োগ বোর্ড ৩টি পদে যথাক্রমে-অফিস সহকারী কাম কম্পিউটার, ল্যাব সহকারী (আইসিটি) ও ল্যাব সহকারী (পদার্থ বিজ্ঞান) ২য় পদে নিয়োগ প্রদান করা হয় এবং ৩টি পদেরই এমপিও ভুক্তির আবেদন অনলাইনে দাখিল করা হয় কিন্তু উক্ত দুটি পদে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এবং ল্যাব সহকারী (পদার্থ বিজ্ঞান) ২য় পদের এমপিও আবেদনটি পদার্থ বিজ্ঞান ল্যাব অনুমোদনের কপি নেই মর্মে এমপিও আবেদনটি বাতিল করেন কিন্তু পদার্থ বিজ্ঞান ল্যাব অনুমোদনের কপি সংযুক্ত ছিল, পরবর্তীতে আবারও এমপিও আবেদন করলে গভর্নিং বডি'র বিরুদ্ধে মামলার কারণ দেখিয়ে বাতিল করেন এবং শেষ বার আবেদন করলে মহাপরিচালকের নির্দেশের প্রয়োজন উল্লেখ করে আবেদনটি বাতিল করেন)। অত্র কলেজে নিয়োগকালীন বা নিয়োগ পরবর্তী সময়ে কোন মামলা আদালতে বিচারাধীন ছিলনা বা বর্তমানেও নাই কিন্তু কলেজের বর্তমান গভর্নিং বডি'র বিরুদ্ধে সাবেক সভাপতি জনাব ফরহাদ আহম্মেদ আকন্দ মহামান্য হাই কোর্টে রিট পিটিশন করে যার নম্বর ০৮ তারিখঃ ১৩/০৫/২০২০ খ্রিঃ। পরিচালক রাজশাহী মহোদয় মহামান্য মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা চাওয়ায় উক্ত নিয়োগকৃত ল্যাব সহকারী (পদার্থ বিজ্ঞান) ২য় পদের এমপিও ভুক্তির বিষয় মহাপরিচালক মহোদয়ের নিকট বিধি অনুযায়ী নির্দেশনা প্রদান করার লক্ষ্যে মামলা নম্বর ০৮ তারিখঃ ১৩/০৫/২০২০খ্রিঃ সংক্রান্ত মতামতের জন্য অত্র দপ্তরের আইন শাখায় প্রেরণ করা হয়। বর্ণিত বিষয়টি সিদ্ধান্তের জন্য এমপিও সভায় উপস্থাপন করা হয়।

এমপিও কমিটির সুপারিশ: ২০১৯ সালে জনাব মোঃ ওবায়দুল ইসলাম, ল্যাব সহকারী (পদার্থ বিজ্ঞান) এর ১ম বার কলেজ কর্তৃক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল রাজশাহী বরাবর আবেদনকৃত সকল কাগজপত্র/সংযুক্তি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইএমআইএস সেল থেকে সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট ল্যাব অনুমোদনের কপি সংযুক্ত আছে কিনা তার তথ্য সংগ্রহ এবং মামলা নম্বর ০৮/২০২০ তারিখ ১৩/০৫/২০২০ AOR এর মূল কপি কলেজ থেকে সংগ্রহপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, মামলা নম্বর ০৮/২০২০ (তারিখ ১৩/০৫/২০২০) AOR এর মূল কপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/০৫/১৪২৮ ৭.৭.২১
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
মর্তুজাপুর কলেজ
বগুড়া।